"শেখ হাসিনার বারতা
নারী পুরুষ সমতা"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
জাতীয় মহিলা সংস্থা
১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা।

স্মারক নং: ৩২.০২.০০০০.০০৪.০৫.০০৫.১৬ . ১৫২ .

তারিখ: ০৮/০৪/2022

বিষয়: জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে সংস্থার নৈতিকতা কমিটির গত ৩০/০৩/২০২২ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | সাকিউন নাহার বেগম এনডিসি |
| তারিখ | : | ৩০/০৩/২০২২ |
| সময় | : | বিকাল ৩.৩০ টা |
| স্থান | : | জাতীয় মহিলা সংস্থার সভা কক্ষ (৫ম তলা)। |

৩০/০৩/২০২২ তারিখ বেলা ৩.৩০ টায় সংস্থার নৈতিকতা কমিটির সভাপতি জাতীয় মহিলা সংস্থার নির্বাহী পরিচালক মহোদয়ের সভাপতিত্বে নৈতিকতা কমিটির এক সভা সংস্থার ৫ম তলায় অবস্থিত সভা কক্ষে অনুষ্ঠিত হয়।

২। আলোচনাঃ

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় পূর্ববর্তী সভার কার্যবিবরণী অনুমোদনের নিমিত্ত উপস্থাপন করা হলে কোন সংশোধন প্রস্তাব না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদিত হয়। অতঃপর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন নির্দেশিকা ২০২১-২০২২ অনুযায়ী সংস্থার আওতাধীন কার্যক্রম বাস্তবায়ন করার বিষয়ে ৩য় ত্রৈমাসিক কার্যক্রমের লক্ষ্যমাত্রা ও অগ্রগতি নিয়ে সভায় আলোচনা করা হয়। সভায় জানানো হয় যে, সংস্থায় নিয়মিত নৈতিকতা কমিটির ত্রৈমাসিক সভা অনুষ্ঠিত হয়। ইতোমধ্যে চলতি অর্থ বছরের নৈতিকতা কমিটির ১ম ও ২য় ত্রৈমাসিক সভা যথাসময়ে অনুষ্ঠিত হয়েছে।

সভাপতি বলেন যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ অর্থ বছরের লক্ষ্যমাত্রা অনুযায়ী ৩য় কোয়ার্টারের কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। সংস্থা ভবনের পরিস্কার পরিচ্ছন্নতার বিষয়ে তিনি অসন্তোষ প্রকাশ করেন। তিনি জরুরী ভিত্তিতে সংস্থা ভবন পরিস্কার পরিচ্ছন্ন করা এবং মেরামতযোগ্য সরঞ্জামাদি মেরামতের জন্য নির্দেশনা প্রদান করেন। পর্যায়ক্রমে ১টি করে ফ্লোরের মেরামত কাজ সম্পন্ন করতে বলেন। পুরুষ বাথরুম পুনরায় নির্মিত অথবা মেরামত করার জন্য এলজিইডি অথবা ব্যক্তিগত প্রতিষ্ঠানের ইঞ্জিনিয়ারের সাথে যোগাযোগ করতে বলেন। সংস্থা পরিচালিত প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন করে প্রমাণকসহ প্রতিবেদন নির্দিষ্ট সময়ে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে বলে সভায় জানানো হয়। এ বিষয়ে প্রকল্প থেকে সভায় আগত কর্মকর্তাগণকে প্রতিবেদন যথাসময়ে সংস্থায় প্রদানের অনুরোধ জানানো হয়। শহীদ আইভি রহমান কর্মজীবী মহিলা হোস্টেলের বোর্ডারদের বিল গ্রহণ অনলাইনের মাধ্যমে করার ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে তিনি অভিমত ব্যক্ত করেন। সভায় জানানো হয় যে, বর্তমানে ৩০টি জেলা এবং ১০টি উপজেলায় মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে প্রশিক্ষণার্থীদের ভাতা প্রদান করা হচ্ছে।

৩। অতঃপর বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১। | নৈতিকতা কমিটির সভা | সভায় জানানো হয় যে, নৈতিকতা কমিটির সভা প্রতি তিন মাস অন্তর অনুষ্ঠিত হয়। গত ৩০/০৩/২০২২ তারিখে জাতীয় শুদ্ধাচার কৌশলের ২০২১-২২ অর্থ বছরের ৩য় ত্রৈমাসিক সভা অনুষ্ঠিত হয়েছে। | কমিটির কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | প্রোগ্রাম অফিসার, জামস। |

| | | | | |
|---|---|---|---|---|
| ২। | নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | চলতি অর্থ বছরে ৩য় ত্রৈমাসিকে নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্তের ৬০% বাস্তবায়ন করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে বলে সভায় জানানো হয়। | ত্রৈমাসিক সভার সিদ্ধান্ত বাস্তবায়নের প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। | উপ পরিচালক (প্রশাসন ও অর্থ)/সকল কর্মকর্তা, জামস। |
| ৩। | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholder) অংশগ্রহণে সভা | চলতি অর্থ বছরের ২য় কোয়ার্টারে ১টি এবং ৩য় কোয়ার্টারে ১টি সহ মোট ২টি অংশীজনের অংশগ্রহণের সভা করার লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে। সংস্থার সেলাই ও এমব্রয়ডারী ট্রেড থেকে ৫জন, ব্লক বাটিক ট্রেড থেকে ৫জন, খাদ্য প্রস্তুত ও প্রক্রিয়াজাতকরণ ট্রেড থেকে ৫জন এবং সংস্থা পরিচালিত তৃণমূল পর্যায়ে অর্থনৈতিক ক্ষমতায়নে নারী উদ্যোক্তাদের বিকাশ সাধন প্রকল্প থেকে ১০ জন, নগর ভিত্তিক প্রান্তিক মহিলা উন্নয়ন প্রকল্প থেকে ১০ জন এবং জেলা ভিত্তিক মহিলা কম্পিউটার প্রশিক্ষণ প্রকল্প (৬৪ জেলা) ৫ জন সহ মোট ৪০ জন উদ্যোক্তার অংশগ্রহণে গত ০৩/১১/২০২১ তারিখে ২য় কোয়ার্টারের সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা করা হয়। সংস্থা পরিচালিত নগর ভিত্তিক প্রান্তিক মহিলা উন্নয়ন প্রকল্প থেকে ২জন প্রশিক্ষক ও ৩জন উদ্যোক্তা, তৃণমূল পর্যায়ে অর্থনৈতিক ক্ষমতায়নে নারী উদ্যোক্তাদের বিকাশ সাধন প্রকল্প থেকে ২ জন প্রশিক্ষক ও ২জন উদ্যোক্তা, জেলা ভিত্তিক মহিলা কম্পিউটার প্রশিক্ষণ প্রকল্প (৬৪ জেলা) থেকে ২ জন প্রশিক্ষক ও ১ জন উদ্যোক্তা এবং সংস্থার নিজস্ব ৩টি ট্রেড থেকে সেলাই ও এমব্রয়ডারির প্রশিক্ষক ও ৩ জন উদ্যোক্তা, ব্লক বাটিক এন্ড স্ক্রীন প্রিন্টের প্রশিক্ষক ও ২ জন উদ্যোক্তা, খাদ্য প্রস্তুত ও প্রক্রিয়াজাতকরণের প্রশিক্ষক ও ৩ জন উদ্যোক্তাসহ মোট ২৫ জন নিয়ে গত ১৪/০৩/২০২২ তারিখে ৩য় কোয়ার্টারের সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা অনুষ্ঠিত হয়েছে। | কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপ পরিচালক (প্রশাসন ও অর্থ)/ প্রোগ্রাম অফিসার, জামস। |
| ৪। | শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | সংস্থায় ২০২১-২০২২ অর্থ বছরের ২য় কোয়ার্টারে ১টি এবং ৩য় কোয়ার্টারে ১টি সহ মোট ২টি শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে। গত ১৬ ও ১৭ নভেম্বর ২০২১ তারিখে সংস্থার প্রধান কার্যালয় এবং সংস্থার জেলা ও উপজেলা শাখার ২৫ জন করে কর্মকর্তা/কর্মচারী সহ মোট ৫০ জনকে শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ৩০ ও ৩১ মার্চ ২০২২ তারিখে ৩য় কোয়ার্টারের শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। | কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপ পরিচালক (প্রশাসন ও অর্থ)/ প্রোগ্রাম অফিসার, জামস। |
| ৫। | কর্ম-পরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধি | সভায় জানানো হয় যে, ২০২১-২০২২ অর্থ বছরে সংস্থার প্রধান কার্যালয়ে কর্ম পরিবেশ উন্নয়ন সংক্রান্ত কার্যক্রম (যেমন: স্বাস্থ্যবিধি অনুসরণ/টিএন্ডইভুক্ত অকেজো | লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্দিষ্ট | উপ পরিচালক (প্রশাসন ও অর্থ)/ সহকারী |

| | | | | |
|---|---|---|---|---|
| | অনুসরণ /টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/পরিস্কার -পরিচ্ছন্নতা বৃদ্ধি ইত্যাদি) | মালামাল বিনষ্টকরণ/পরিস্কার- পরিচ্ছন্নতা বৃদ্ধি ) ইত্যাদি গ্রহণের লক্ষ্যে ৩০/০৯/২০২১, ৩১/১২/২০২১ , ৩১/০৩/২০২২ ও ৩০/০৬/২০২২ তারিখে অর্থাৎ প্রতি কোয়ার্টারে কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। ৩০/০৯/২০২১ তারিখের মধ্যে ১ম ও ২য় কোয়ার্টারের কার্যক্রম বাস্তবায়ন করে প্রমাণক সহ প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। ৩১/০৩/২০২২ তারিখে সংস্থার আওতাভুক্ত শহীদ আইভি রহমান কর্মজীবী মহিলা হোষ্টেলের অকেজো মালামাল বিনষ্ট করা হয়েছে। | তারিখের মধ্যে ভবনের পরিস্কার পরিচ্ছন্নতা সহ অন্যান্য কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। | পরিচালক (প্রশাসন)/ সহকারী পরিচালক (প্রকাশনা)/ কম্পিউটার প্রশিক্ষক (সংযুক্ত), জামস। |
| ৬। | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২২ ও ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণ | সংস্থার জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২২ গত ০৯/০৬/২০২১ তারিখে মন্ত্রণালয়ে প্রেরণ এবং সংস্থার ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। ০৭/১০/২০২১ তারিখে চলতি অর্থ বছরের ১ম এবং ১০/০১/২০২২ তারিখে ২য় কোয়ার্টারের ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন মন্ত্রণালয়ে দাখিল করাসহ সংস্থার ওয়েবসাইটে আপলোড করা হয়েছে বলে সভায় জানানো হয়। | কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ)/প্রোগ্রাম অফিসার/ কম্পিউটার প্রশিক্ষক (সংযুক্ত), জামস। |
| ৭। | আওতাধীন আঞ্চলিক/ মাঠ পর্যায়ের কার্যালয় (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের উপর ফিডব্যাক প্রদান | চলতি অর্থ বছরের ০৭/০৬/২০২২ তারিখের মধ্যে সংস্থার জেলা ও উপজেলা শাখা কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান সংক্রান্ত ১টি সভা আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে বলে সভায় জানানো হয়। | নির্দিষ্ট সময়ের মধ্যে মাঠ পর্যায়ের কার্যালয় কর্তৃক দাখিলকৃত শুদ্ধাচার কর্ম পরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের উপর ফিডব্যাক প্রদানের জন্য সভা আয়োজন করতে হবে। | উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ)/প্রোগ্রাম অফিসার, জামস। |

<table>
<tr><td>৮।</td><td>শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং পুরস্কার প্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ</td><td>সভায় জানানো হয় যে, চলতি অর্থ বছরে ৩০/০৬/২০২২ তারিখের মধ্যে সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং পুরস্কার প্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশের লক্ষ্যমাত্রা রয়েছে। ইতোপূর্বে নিম্নবর্ণিত কমিটির মাধ্যমে ১ম বারের মত শুদ্ধাচার বাস্তবায়ন সংক্রান্ত প্রনোদনা পুরস্কার প্রদান করা হয়:<br>১। উপ-পরিচালক (উন্নয়ন ও প্রকাশনা)-আহবায়ক<br>২। সহকারী পরিচালক (হিসাব ও অর্থ)- সদস্য<br>৩। সহকারী পরিচালক (প্রকল্প)- সদস্য সচিব।<br>উল্লিখিত কমিটির মাধ্যমে অথবা কমিটি পূর্ণগঠন করে চলতি অর্থ বছরে সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের শুদ্ধাচারের প্রণোদনা পুরস্কার প্রদান করার বিষয়ে আলোচনা হয়।</td><td>নির্দিষ্ট তারিখের মধ্যে শুদ্ধাচার পুরস্কার প্রদানের ব্যবস্থা করতে হবে।</td><td>নির্বাহী পরিচালক /সংশ্লিষ্ট কমিটি/ কম্পিউটার প্রশিক্ষক (সংযুক্ত), জামস।</td></tr>
<tr><td>৯।</td><td>২০২১-২২ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা (প্রকল্পের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনাসহ) ওয়েবসাইটে প্রকাশ</td><td>লক্ষ্যমাত্রা অনুযায়ী চলতি অর্থ বছরের ২৯/০৯/২০২১ তারিখে সংস্থার ক্রয় পরিকল্পনা প্রণয়ন করে ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। এছাড়া সংস্থা কর্তৃক পরিচালিত ১। তথ্য আপা: ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন প্রকল্প (২য় পর্যায়) ২৮/০৭/২০২১ তারিখে ২। তৃণমূল পর্যায়ে অর্থনৈতিক ক্ষমতায়নে নারী উদ্যোক্তাদের বিকাশ সাধন প্রকল্প ২৭/০৭/২০২১ তারিখে ৩। নগর ভিত্তিক প্রান্তিক মহিলা উন্নয়ন প্রকল্প ২৭/০৭/২০২১ তারিখে এবং ৪। জেলা ভিত্তিক মহিলা কম্পিউটার প্রশিক্ষণ প্রকল্প (৬৪ জেলা) এর ক্রয় পরিকল্পনা ০৮/০৯/২০২১ তারিখে সংস্থার ওয়েবসাইটে আপলোড করা হয়েছে বলে সভায় জানানো হয়।</td><td>কার্যক্রম অব্যাহত রাখতে হবে।</td><td>সকল প্রকল্প পরিচালক/ সহকারী পরিচালক (হিসাব ও অর্থ)/ কম্পিউটার প্রশিক্ষক (সংযুক্ত), জামস।</td></tr>
<tr><td>১০।</td><td>প্রকল্পের PSC ও PIC সভা আয়োজন</td><td>২০২১ - ২০২২ অর্থ বছরে সংস্থার কর্তৃক পরিচালিত প্রকল্পসমূহের PSC ও PIC সভার লক্ষ্যমাত্রা ও অর্জন নিম্নোক্ত ছকে দেয়া হলো :<br>
<table>
<tr><th>ক্রঃ নং</th><th>প্রকল্পের নাম</th><th>সভা</th><th>লক্ষ্যমাত্রা</th><th>অর্জন</th></tr>
<tr><td rowspan="2">১।</td><td rowspan="2">তথ্য আপা: ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন প্রকল্প (২য় পর্যায়)</td><td>PSC</td><td>৪টি</td><td>২টি</td></tr>
<tr><td>PIC</td><td>৪টি</td><td>২টি</td></tr>
<tr><td rowspan="2">২।</td><td rowspan="2">তৃণমূল পর্যায়ে অর্থনৈতিক ক্ষমতায়নে নারী উদ্যোক্তাদের বিকাশ সাধন প্রকল্প</td><td>PSC</td><td>৪টি</td><td>১টি</td></tr>
<tr><td>PIC</td><td>৪টি</td><td>২টি</td></tr>
<tr><td>৩।</td><td>নগর ভিত্তিক</td><td>PSC</td><td>২টি</td><td>১টি</td></tr>
</table></td><td>লক্ষ্যমাত্রা অনুযায়ী কার্যক্রম অব্যাহত রাখতে হবে।</td><td>সকল প্রকল্প পরিচালক/ সংশ্লিষ্ট কর্মকর্তাগণ, জামস।</td></tr>
</table>

<table>
<tr>
<td></td>
<td></td>
<td>
<table>
<tr><td></td><td>প্রান্তিক মহিলা উন্নয়ন প্রকল্প</td><td>PIC</td><td>৪টি</td><td>২টি</td><td></td></tr>
<tr><td>৪।</td><td>জেলা ভিত্তিক মহিলা কম্পিউটার প্রশিক্ষণ প্রকল্প (৬৪ জেলা)</td><td>PSC<br>PIC</td><td>২টি<br>৪টি</td><td>১টি<br>৩টি</td><td></td></tr>
</table>
</td>
<td></td>
<td></td>
</tr>
<tr>
<td>১১।</td>
<td>বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন</td>
<td>সভায় জানানো হয় যে, সংস্থা পরিচালিত প্রকল্পসমূহের চলতি অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি ১০০% বাস্তবায়নের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে। নিম্নোক্ত ছকে দেয়া হলো:
<table>
<tr><th>ক্রঃ নং</th><th>প্রকল্পের নাম</th><th>লক্ষ্যমাত্রা</th><th colspan="4">অর্জন</th></tr>
<tr><th></th><th></th><th></th><th>১ম কোয়ার্টার</th><th>২য় কোয়ার্টার</th><th>৩য় কোয়ার্টার</th><th>৪র্থ কোয়ার্টার</th></tr>
<tr><td>১</td><td>তথ্য আপা: ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন প্রকল্প (২য় পর্যায়)</td><td>৯৬%</td><td>২০%</td><td>২০%</td><td>২৩%</td><td></td></tr>
<tr><td>২</td><td>তৃণমূল পর্যায়ে অর্থনৈতিক ক্ষমতায়নে নারী উদ্যোক্তাদের বিকাশ সাধন প্রকল্প</td><td>১০০%</td><td>৫.০২%</td><td>২০.৪৯%</td><td>১০.৫১%</td><td></td></tr>
<tr><td>৩</td><td>নগর ভিত্তিক প্রান্তিক মহিলা উন্নয়ন প্রকল্প</td><td>১০০%</td><td>২৫%</td><td>২৫%</td><td>২৫%</td><td></td></tr>
<tr><td>৪</td><td>জেলা ভিত্তিক মহিলা কম্পিউটার প্রশিক্ষণ প্রকল্প (৬৪ জেলা)</td><td>৯০%</td><td>২০%</td><td>-</td><td>৬.৫১%</td><td></td></tr>
</table>
</td>
<td>লক্ষ্যমাত্রা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।</td>
<td>সকল প্রকল্প পরিচালক/ সংশ্লিষ্ট কর্মকর্তাগণ, জামস।</td>
</tr>
<tr>
<td>১২।</td>
<td>প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি</td>
<td>সভায় জানানো হয় যে, সংস্থা কর্তৃক পরিচালিত তথ্য আপাঃ ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন প্রকল্পের সমাপ্তির তারিখ জুন ২০২৩, তৃণমূল পর্যায়ে অর্থনৈতিক ক্ষমতায়নে নারী উদ্যোক্তাদের বিকাশ সাধন প্রকল্পের সমাপ্তির তারিখ ডিসেম্বর ২০২৫, নগর ভিত্তিক প্রান্তিক মহিলা উন্নয়ন প্রকল্পের সমাপ্তির তারিখ জুন ২০২২ ও জেলা ভিত্তিক</td>
<td>প্রকল্প সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) বিধি</td>
<td>সকল প্রকল্প পরিচালক/ সহকারী পরিচালক (প্রকল্প)/ সংশ্লিষ্ট কর্মকর্তাগণ,</td>
</tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| | মোতাবেক হস্তান্তর করা | মহিলা কম্পিউটার প্রশিক্ষণ প্রকল্পের সমাপ্তির তারিখ জুন ২০২৩। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা ২০২১ - ২০২২ (চূড়ান্ত) অনুযায়ী চলতি অর্থ বছরের প্রকল্পের সমাপ্তি শেষে প্রকল্পের সম্পদ (যানবাহন, কম্পিউটার, আসবাবপত্র ইত্যাদি) ৩০/০৬/২০২২ তারিখের মধ্যে বিধি মোতাবেক হস্তান্তর করতে হবে। ৩০ জুন ২০২২ তারিখে নগর ভিত্তিক প্রান্তিক মহিলা উন্নয়ন প্রকল্পের মালামাল বিধি মোতাবেক হস্তান্তর করার ব্যবস্থা নিতে হবে বলে সভায় আলোচনা করা হয়। সমাপ্ত প্রকল্পের মালামাল বুঝিয়ে দেয়ার বিষয়ে প্রকল্প কর্তৃপক্ষ ব্যবস্থা গ্রহণ করবেন। | মোতাবেক হস্তান্তর করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | জামস। |
| ১৩। | মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে আর্থিক লেনদেন নিশ্চিতকরণ | সভায় জানানো হয়, সংস্থার প্রতি কোয়ার্টারে মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে আর্থিক লেনদেন ৫০% নিশ্চিত করার লক্ষ্যমাত্রা রয়েছে। বর্তমানে ৩০টি জেলা এবং ১০টি উপজেলা পর্যায়ের প্রশিক্ষণার্থীদের ভাতা মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে প্রদান করা হচ্ছে। | মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে আর্থিক লেনদেনের কার্যক্রম বাড়াতে হবে। | উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ), সহকারী পরিচালক (হিসাব ও অর্থ), জামস। |
| ১৪। | সিটিজেন চার্টার অনুযায়ী সেবা গ্রহীতাদের সেবা প্রদান নিশ্চিতকরণ | ২০২১ - ২০২২ অর্থ বছরে সিটিজেন চার্টার অনুযায়ী সেবা গ্রহীতাদের সেবা প্রদান ৫০% নিশ্চিতকরণের লক্ষ্যমাত্রা রয়েছে। সংস্থার প্রণীত সিটিজেন চার্টার অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে বলে সভায় জানানো হয়। | সিটিজেন চার্টার অনুযায়ী সেবা গ্রহীতাদের সেবা প্রদান কোয়ার্টার ভিত্তিক ৫০% নিশ্চিত করতে হবে। | সকল কর্মকর্তা, জামস। |
| ১৫। | গার্মেন্টস কারখানার নারী শ্রমিকদের শিশুদের জন্য ডে-কেয়ার সেন্টার শীর্ষক কর্মসূচি | ২০২১ -২০২২ অর্থ বছরের লক্ষ্যমাত্রা অনুযায়ী শিশু সেবা কার্যক্রম অব্যাহত রাখা হবে বলে সভায় জানানো হয়। ৩য় কোয়ার্টারে (জানুয়ারি-মার্চ ২০২২) ৬০০ জন শিশুকে সেবা দেয়া হয়েছে। ডে-কেয়ারের শিশুদের খাবারের মান সঠিক ভাবে বজায় রাখাসহ নিরাপত্তার বিষয়টি খেয়াল রাখা হবে বলে জানানো হয়। এ বিষয়ে নিয়মিত মনিটরিং এর ব্যবস্থা করা যেতে পারে। | লক্ষ্যমাত্রা অনুযায়ী শিশু সেবা কার্যক্রম অব্যাহত রাখতে হবে। সংস্থার কর্মকর্তা কর্তৃক মনিটরিং করতে হবে। | কর্মসূচি পরিচালক/ সহকারী পরিচালক (প্রকল্প), জামস। |
| ১৬। | কর্মজীবী মহিলা হোস্টেলের বোর্ডারদের সিট ভাড়াসহ অন্যান্য বিল পরিশোদের রশিদ প্রদান নিশ্চিতকরণ | সভায় আলোচনা হয় যে, সংস্থার কর্মজীবী মহিলা হোস্টেলের বোর্ডারদের সিট ভাড়াসহ অন্যান্য বিল পরিশোধের রশিদ প্রদান ১০০% নিশ্চিত করার লক্ষ্যমাত্রা রয়েছে এবং সে অনুযায়ী প্রতি বোর্ডারকেই সকল রশিদ প্রদান করা হয়। তবে অনলাইনের মাধ্যমে বিল গ্রহণ করার বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে বলে সভায় জানানো হয়। | অনলাইন সিস্টেমে কাজ করার কার্যক্রম গ্রহণ করার ব্যবস্থা করতে হবে। | উপ-পরিচালক (প্রকাশনা ও উন্নয়ন/ সহঃ পরিচালক (প্রকল্প)/ হোস্টেল সুপার), জামস। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭। | শিশু দিবাযত্ন কেন্দ্রে শিশুদের সেবা প্রদান নিশ্চিতকরণের জন্য নিয়মিত মনিটরিং করা। | সংস্থার প্রধান কার্যালয়ে অবস্থিত শিশু দিবাযত্ন কেন্দ্রে শিশুদের সেবা প্রদান নিশ্চিত করণের জন্য ১০০% মনিটরিং করার বিষয়ে সভায় আলোচনা হয়। সভায় জানানো হয় যে, দিবাযত্ন কেন্দ্রে নিয়মিত মনিটরিং করা হয়। | শিশু দিবাযত্ন কেন্দ্রের মনিটরিং অব্যাহত রাখতে হবে। | উপ-পরিচালক (প্রশিক্ষণ, প্রকাশনা ও উন্নয়ন)/ সহকারী পরিচালক (প্রকল্প)/ডে-কেয়ার ইনচার্জ, জামস। |

৪। আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

০৬/৪/2022

(সাকিউন নাহার বেগম এনডিসি)
নির্বাহী পরিচালক (অতিঃ সচিব)
জাতীয় মহিলা সংস্থা।

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। প্রকল্প পরিচালক, তথ্য আপাঃ ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন প্রকল্প (২য় পর্যায়), জামস।
২। প্রকল্প পরিচালক, তৃণমূল পর্যায়ে অর্থনৈতিক ক্ষমতায়নে নারী উদ্যোক্তাদের বিকাশ সাধন প্রকল্প, জামস।
৩। প্রকল্প পরিচালক, নগর ভিত্তিক প্রান্তিক মহিলা উন্নয়ন প্রকল্প (২য় পর্যায়), জামস।
৪। প্রকল্প পরিচালক, জেলা ভিত্তিক মহিলা কম্পিউটার প্রশিক্ষণ প্রকল্প (৬৪ জেলা), জামস।
৫। উপ- পরিচালক (প্রশাসন ও অর্থ), জামস।
৬। প্রোগ্রাম অফিসার/ সহকারী পরিচালক (প্রশাসন/অর্থ ও হিসাব/প্রকাশনা/প্রকল্প/ অর্থ), জামস।
৭। কম্পিউটার প্রশিক্ষক (জেভিমকপ্রপ্র) সংযুক্ত, জামস (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

অনুলিপি (সদয় অবগতির জন্য):

১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সহকারী, জামস।
২। নির্বাহী পরিচালক মহোদয়ের একান্ত সহকারী, জামস।